গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য মন্ত্রণালয়
সংস্থা প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mofood.gov.bd

নম্বর: ১৩.০০.০০০০.০২২.১৯.০০১.১৯.৫০৯ তারিখ: ২৯ অগ্রহায়ণ ১৪২৯
১৪ ডিসেম্বর ২০২২

**প্রজ্ঞাপন**

**খাদ্য অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারীগণের বদলি/পদায়ন নীতিমালা-২০১৯ (সংশোধিত-২০২২)**

খাদ্য অধিদপ্তরের ক্যাডার এবং নন-ক্যাডার কর্মকর্তা/কর্মচারীগণের পেশাগত দক্ষতা বৃদ্ধি, অভিজ্ঞতা অর্জন এবং কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও মানসম্মত জনসেবা নিশ্চিতকরণের লক্ষ্যে যুগোপযোগী বদলি/পদায়ন নীতিমালা প্রণয়ন অপরিহার্য হয়ে পড়েছে। এছাড়া লক্ষ্য করা যাচ্ছে যে, বদলি আদেশ জারির পরও অনেকেই বদলিকৃত কর্মস্থলে যোগদান করতে অনীহা প্রকাশ করেন এবং যেন নতুন কর্মস্থলে যোগদান করতে না হয় সেজন্য কালক্ষেপণ করেন ও বদলির আদেশ বাতিলের জন্য অযাচিত তদবিরের আশ্রয় নেন। কর্মকর্তা/কর্মচারীদের মাঝে সাম্প্রতিক সময়ে এ প্রবণতা উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। এতে বিভিন্ন প্রকার প্রশাসনিক জটিলতা সৃষ্টিসহ কাজের গতি শ্লথ হয়ে পড়ছে। উপরিউক্ত বিষয়গুলো বিবেচনা করে পুনরাদেশ না দেয়া পর্যন্ত খাদ্য অধিদপ্তরের ক্যাডার এবং নন-ক্যাডার কর্মকর্তা/কর্মচারীগণের বদলি সংক্রান্ত বিষয়ে স্বচ্ছতা, জবাবদিহিতা আনয়ন এবং অধিকতর শৃঙ্খলা প্রতিষ্ঠার লক্ষ্যে এ নীতিমালা জারি করা হচ্ছে। কর্মকর্তা ও কর্মচারীগণকে পদায়নের ক্ষেত্রে সাধারণভাবে এ নীতিমালা অনুসৃত হবে।

১। খাদ্য অধিদপ্তরের নিম্নোক্ত কর্মকর্তা/কর্মচারীগণের বদলি তাদের পদবির বিপরীতে উল্লিখিত কর্মকর্তাগণ কর্তৃক সম্পন্ন হবে :

| | | |
|---|---|---|
| (ক) | অতিরিক্ত পরিচালক/সাইলো অধীক্ষক/সমমান ও তদুর্ধ্ব পর্যায়ের সকল কর্মকর্তা | খাদ্য মন্ত্রণালয় |
| (খ) | জেলা পর্যায়ের অফিস প্রধান এবং খাদ্য অধিদপ্তরের ৯ম বা তদুর্ধ্ব গ্রেডের সকল ক্যাডার কর্মকর্তা | |
| (গ) | জেলা পর্যায়ের অফিস প্রধান, খাদ্য অধিদপ্তরের ৯ম বা তদুর্ধ্ব গ্রেডের সকল ক্যাডার কর্মকর্তা ব্যতিত অন্যান্য সকল কর্মকর্তা | মহাপরিচালক খাদ্য অধিদপ্তর |
| (ঘ) | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক/সমমানের ৯ম গ্রেডভুক্ত নন-ক্যাডার সকল কর্মকর্তা | |
| (ঙ) | 'এ' গ্রেডভুক্ত এলএসডি এর সংরক্ষণ ও চলাচল কর্মকর্তা এবং সিএসডি এর সহকারী ব্যবস্থাপক | |
| (চ) | ১০ম গ্রেড হতে ২০তম গ্রেডভুক্ত সকল কর্মচারীর আন্তঃবিভাগীয় বদলি | |
| (ছ) | 'বি' গ্রেডভুক্ত এলএসডি এর ভারপ্রাপ্ত কর্মকর্তা, খাদ্য পরিদর্শক ও সমমানের কর্মকর্তা (১০ম গ্রেড) এবং 'সি' গ্রেডভুক্ত এলএসডি এর ভারপ্রাপ্ত কর্মকর্তা | নিজ নিজ অধিক্ষেত্রের মধ্যে সংশ্লিষ্ট আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক |
| (জ) | ১১ থেকে ২০তম গ্রেডভুক্ত সকল কর্মচারীদের আন্তঃজেলায় বদলি | |
| (ঝ) | জেলার অভ্যন্তরে খাদ্য পরিদর্শক/সমমান ছাড়া ১১ থেকে ২০তম গ্রেডভুক্ত কর্মচারি | নিজ নিজ অধিক্ষেত্রের মধ্যে সংশ্লিষ্ট জেলা খাদ্য নিয়ন্ত্রক |

২। বদলির ক্ষেত্রে নিম্নের বিষয়গুলো যথাযথভাবে বিবেচ্য :

(ক) একই কর্মস্থলে কার্যকাল ০২(দুই) বছর হলে সাধারণত কোনো কর্মকর্তা/কর্মচারী বদলিযোগ্য হবেন। একই কর্মস্থলে কোনো কর্মচারীকে ০৩(তিন) বছরের অধিককাল নিয়োজিত রাখা যাবে না। দুর্গম এলাকায় কোনো কর্মকর্তা/কর্মচারীর চাকরিকাল মোট চাকরি জীবনে ৪(চার) বছরের অধিক হবে না;

(খ) বদলির ক্ষমতাপ্রাপ্ত কর্তৃপক্ষ নিজ নিজ অধিক্ষেত্রের মধ্যে প্রশাসনিক প্রয়োজনে নির্ধারিত মেয়াদের পূর্বে কোনো পদে সমপদমর্যাদার উপযুক্ত কর্মকর্তা বা কর্মচারীকে বদলি বা পদায়ন করতে পারবে। তবে সাকুল্যে কোনক্রমেই এক কর্মস্থলে সর্বমোট কর্মকাল ০৩(তিন) বছরের অধিক হবে না। খাদ্য মন্ত্রণালয় রাষ্ট্রীয় প্রয়োজনে একই কর্মস্থলে ০৩(তিন) বছরের অধিক পদায়নের অনুমোদন দিতে পারবে; তবে তা কোনক্রমেই সর্বমোট ০৪(চার) বছরের অধিক হবে না;

(গ) জেলা খাদ্য নিয়ন্ত্রক বা সমমানের পদ এবং ৯ম গ্রেডভুক্ত ক্যাডার বা নন-ক্যাডার পদে, সিএসডি এর সহকারী ব্যবস্থাপক/ব্যবস্থাপক এবং এলএসডি এর সংরক্ষণ ও চলাচল কর্মকর্তা/ভারপ্রাপ্ত কর্মকর্তা পদে নিজ জেলায় নিয়োগ/পদায়ন করা যাবে না। এছাড়াও ১০ম থেকে ১৬তম গ্রেডভুক্ত কর্মকর্তা/কর্মচারীকে নিজ উপজেলায় নিয়োগ/বদলি করা যাবে না। তবে ৯ম গ্রেডভুক্ত পদে কর্মরত কোনো কর্মকর্তা ৫৮(আটান্ন) বছর বয়সে নিজ উপজেলা ব্যতিত নিজ জেলায় বদলি হতে পারবেন;

(ঘ) কারিগরি পদ ব্যতিত সাধারণ পদধারীকে অব্যবহিত পূর্বের কর্মস্থলে একই পদে কোনো কর্মকর্তা/কর্মচারীদের বদলি/পদায়ন/সংযুক্তি প্রদান করা যাবে না, তবে বিশেষ শারীরিক অক্ষমতার ক্ষেত্রে মহাপরিচালক, খাদ্য অধিদপ্তরের পূর্বানুমোদন সাপেক্ষে এরূপ কর্মকর্তা/কর্মচারীদের অব্যবহিত পূর্বের কর্মস্থলে একই পদে (সমগ্র চাকরি জীবনে ০১(এক) বার এবং ২(খ) অনুচ্ছেদে উল্লিখিত মেয়াদের বেশি নয়) বদলি/পদায়ন/সংযুক্তি প্রদান করা যাবে;

(ঙ) কোনো কর্মকর্তা/কর্মচারীর স্বামী/স্ত্রী উভয়েই চাকরিজীবী হলে নিজ জেলা ব্যতিত একই কর্মস্থলে বা যথাসম্ভব নিকটবর্তী কর্মস্থলে পদায়নের বিষয়টি অগ্রাধিকার ভিত্তিতে বিবেচনা করা যেতে পারে;

(চ) আর্থিক অনিয়মের জন্য সরকারি ক্ষতি আদায়ের আদেশ হয়েছে অথবা গুরু দণ্ড হয়েছে এমন কর্মকর্তা/কর্মচারীকে পুনরায় কোনো এলএসডি/সিএসডি/সাইলোতে ভারপ্রাপ্ত কর্মকর্তা/সংরক্ষণ ও চলাচল কর্মকর্তা/সহকারী ব্যবস্থাপক/ব্যবস্থাপক/সাইলো অধীক্ষক পদে কোনো ভাবেই নিয়োগ/পদায়ন করা যাবে না। লঘু দণ্ড প্রাপ্তদের ক্ষেত্রে লঘু দণ্ড জারির তারিখ থেকে ০১(এক) বছর পর্যন্ত কর্মকর্তা/কর্মচারীকে পুনরায় কোনো এলএসডি/সিএসডি/সাইলোতে ভারপ্রাপ্ত কর্মকর্তা/সংরক্ষণ ও চলাচল কর্মকর্তা/সহকারী ব্যবস্থাপক/ব্যবস্থাপক/সাইলো অধীক্ষক পদে নিয়োগ/পদায়ন করা যাবে না;

(ছ) খাদ্য পরিদর্শক/সমমান পদে সরাসরি নিয়োগপ্রাপ্তদের চাকরিকাল ন্যূনতম ০২(দুই) বছর এবং এলএসডি/সিএসডিতে উপখাদ্য পরিদর্শক পদে ন্যূনতম ০২(দুই) বছর কাজের অভিজ্ঞতা সম্পন্ন পদোন্নতি প্রাপ্তদের 'সি' গ্রেডভুক্ত এলএসডিতে ভারপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে পদায়ন করা যাবে। 'সি' গ্রেডভুক্ত এলএসডিতে ন্যূনতম ০২(দুই) বছরের ভারপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে অভিজ্ঞতা সম্পন্ন কর্মকর্তাকে 'বি' গ্রেডভুক্ত এলএসডিতে ভারপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে পদায়ন করা যাবে। 'বি' গ্রেডভুক্ত এলএসডিতে ভারপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে ন্যূনতম ০২(দুই) বছরের অভিজ্ঞতা সম্পন্ন এবং বিধি মোতাবেক ৯ম গ্রেডে পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তাকে 'এ' গ্রেডভুক্ত এলএসডিতে সংরক্ষণ ও চলাচল কর্মকর্তা হিসেবে পদায়ন করা যাবে। তবে, ৯ম গ্রেডে সরাসরি নিযুক্ত এবং কমপক্ষে ০২(দুই) বছরের চাকরির অভিজ্ঞতাসম্পন্ন উপজেলা খাদ্য নিয়ন্ত্রকগণের ক্ষেত্রে এ বিষয়টি প্রযোজ্য হবে না;

(জ) কোনো কর্মকর্তাকে মোট চাকরি জীবনে ০৫(পাঁচ) বছরের অধিককাল 'এ' গ্রেডভুক্ত এলএসডিতে নিয়োজিত রাখা যাবে না। 'এ', 'বি' এবং 'সি' গ্রেডভুক্ত এলএসডিতে (বিদ্যমান এ, বি, সি গ্রেডভুক্ত এলএসডি) তালিকা অনুযায়ী কোনো

কর্মকর্তাকে ভারপ্রাপ্ত কর্মকর্তা/চলাচল ও সংরক্ষণ কর্মকর্তা পদে পদায়নের জন্য পূর্ণাঙ্গ তথ্যবহুল যোগ্য কর্মকর্তাদের তালিকা (ফিট লিস্ট) খাদ্য অধিদপ্তর প্রস্তুত করবে। চাকরির জ্যেষ্ঠতা, দক্ষতা, সন্তোষজনক চাকরি ও এসিআর এর ভিত্তিতে ফিট লিস্ট প্রস্তুত করতে হবে;

(ঝ) ৫৭(সাতান্ন) বৎসর কিংবা তদুর্ধ্ব বয়সের কোনো কর্মকর্তা/কর্মচারীকে এলএসডি/সিএসডিতে ভারপ্রাপ্ত কর্মকর্তা/চলাচল ও সংরক্ষণ কর্মকর্তা বা সহকারী ব্যবস্থাপক/ব্যবস্থাপক এর দায়িত্ব দেয়া যাবে না এবং দায়িত্বে নিয়োজিত রাখা যাবে না;

(ঞ) ২(ছ) অনুচ্ছেদে বর্ণিত সকল পদায়নের ক্ষেত্রে জ্যেষ্ঠতা, দক্ষতা, সন্তোষজনক চাকরি ও এসিআর বিবেচনা করতে হবে;

(ট) একাদিক্রমে ০২(দুই) বার অথবা সর্বোচ্চ ০৪(চার) বছর এলএসডি/সিএসডিতে ভারপ্রাপ্ত কর্মকর্তা/সংরক্ষণ ও চলাচল কর্মকর্তা বা ব্যবস্থাপকের দায়িত্ব পালন করার পর কোনো কর্মকর্তাকে পুনরায় উক্ত পদে পদায়ন করতে হলে কমপক্ষে ০১(এক) বছর ভিন্ন প্রকৃতির কাজে নিয়োজিত থাকতে হবে।

(ঠ) এলএসডি'র ভারপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে খাদ্য পরিদর্শককে পদায়ন করতে হবে। তবে পদায়নের জন্য উপযুক্ত খাদ্য পরিদর্শক পাওয়া না গেলে মহাপরিচালক, খাদ্য অধিদপ্তরের অনুমোদনক্রমে চাকরির জ্যেষ্ঠতা, দক্ষতা, সন্তোষজনক চাকরি ও এসিআর এর ভিত্তিতে 'সি' গ্রেডভুক্ত এলএসডি'তে উপ-খাদ্য পরিদর্শককে পদায়ন করা যাবে।

৩। বদলি আদেশ জারির তারিখ হতে পরবর্তী ০৭(সাত) কার্যদিবসের মধ্যে বদলিকৃত কর্মকর্তা/কর্মচারীকে নতুন কর্মস্থলে যোগদান ও দায়িত্ব গ্রহণ/হস্তান্তর করতে হবে। অন্যথায় উক্ত সময় পরে বদলিকৃত কর্মকর্তা/কর্মচারী তাৎক্ষণিক অবমুক্ত হিসেবে গণ্য হবে। পদায়নকৃত কর্মকর্তা/কর্মচারী এ আদেশ লঙ্ঘন করলে তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

৪। এ নীতিমালা জারির পর ইতঃপূর্বে জারিকৃত এ সংক্রান্ত সকল নীতিমালা, সংশোধনী আদেশ ও অফিস আদেশসমূহ বাতিল বলে গণ্য হবে।

৫। জনস্বার্থে অথবা প্রশাসনিক প্রয়োজনে খাদ্য মন্ত্রণালয় এ নীতিমালার যেকোন পরিবর্তন, পরিমার্জন, সংযোজন বা সংশোধন করার ক্ষমতা সংরক্ষণ করে।

৬। জনস্বার্থে জারিকৃত এ নীতিমালা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



১৪-১২-২০২২

মোঃ ইসমাইল হোসেন এনডিসি
সচিব
ফোন: +৮৮০২৫৫১০০০৮৮
ফ্যাক্স: +৮৮০২৯৫১৪৬৭৮

ইমেইল:
secretary@mofood.gov.bd

নম্বর: ১৩.০০.০০০০.০২২.১৯.০০১.১৯.৫০৯/১(১০০)

তারিখ: ২৯ অগ্রহায়ণ ১৪২৯
১৪ ডিসেম্বর ২০২২

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মহাপরিচালক (গ্রেড-১), খাদ্য অধিদপ্তর

২) অতিরিক্ত সচিব (সকল), খাদ্য মন্ত্রণালয়

৩) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর

৪) যুগ্মসচিব (সকল), খাদ্য মন্ত্রণালয়

৫) পরিচালক (সকল), খাদ্য অধিদপ্তর

৬) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, খাদ্য মন্ত্রণালয় (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)

৭) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, খাদ্য মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৮) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল)

৯) সালো অধীক্ষক, (সকল)

১০) জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল)

১১) সিস্টেম এনালিষ্ট, আইসিটি সেল, খাদ্য মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।